

যুগান্তর

ভিন্ন পদ্ধতিতে এমবিবিএস ভর্তি পরীক্ষা দিল ৭৩ হাজার শিক্ষার্থী

প্রকাশ : ১২ অক্টোবর ২০১৯, ১১:৩৫ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



বিপরীতে ৭ পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে।

চলতি শিক্ষাবর্ষে
(২০১৯-২০) সরকারি
ও বেসরকারি
মেডিকেল কলেজের
এমবিবিএস প্রথম বর্ষ
ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত
হয়েছে। শুক্রবার সারা
দেশে ১৯ কেন্দ্রের
৩২টি ভেন্যুতে সকাল
১০টা থেকে ১১টা
পর্যন্ত একযোগে এই
পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এবারের এমবিবিএস
ভর্তি পরীক্ষায় সরকারি
ও বেসরকারি মিলিয়ে
১০ হাজার ৪০৮টি
আসনের বিপরীতে ৭২
হাজার ৯২৮ জন
ভর্তিচ্ছু শিক্ষার্থী
অংশগ্রহণ করেন।
প্রতিটি আসনের

অন্যান্য বছরের তুলনায় চলতি বছর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশে সামান্য দেরি হতে পারে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ।

তিনি বলেন, এবার ৭২ ঘণ্টার আগে ফলাফল প্রকাশ করা সন্তুষ্ট হবে না। অন্যান্য বছর অপটিক্যাল মার্ক রিকগনেশন (ওএমআর) মেশিনে শুধু উত্তরপত্র মূল্যায়ন করা হয়।

কিন্তু এবার প্রশ্ন ও উত্তরপত্র দুটোই ইন্টিলিজেন্স ক্যারেকটার রিকগনেশন (আইসিআর) নামক মেশিনে দেখা হবে। এতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ৭৩ হাজারের বেশি পরীক্ষার্থীর খাতা দেখতে হবে বলে গতবারের চেয়ে বেশি সময় লাগবে। তবে দ্রুত পরীক্ষার ফলাফল ঘোষণা করার চেষ্টা থাকবে।

মোট ১০০ নম্বরের নের্ব্যত্তিক প্রশ্নে পদার্থবিদ্যায় ২০, রসায়নে ২৫, জীববিজ্ঞানে ৩০, ইংরেজিতে ১৫ এবং বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ বিষয়ক সাধারণ জ্ঞানে ১০ নম্বর ছিল।

ঢাকা মহানগরের ৫টি কেন্দ্রের ১১টি ভেন্যুতে ৩৫ হাজার ৯৮৫ পরীক্ষার্থী এবং ঢাকা বাইরে ১৫টি জেলায় ৩৫ হাজার ৯৮৫ পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে কেন্দ্র তদারকির জন্য মন্ত্রণালয় থেকে ১০৭ কর্মকর্তার সমন্বয়ে কেন্দ্র ও ভেন্যুভিত্তিক টিমের নেতৃত্বে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।